

কেপিসিএলের উদ্যোক্তা-পরিচালকদের শেয়ার বিক্রিতে নিষেধাজ্ঞা

মূল্যসংবেদনশীল তথ্য গোপন করে শেয়ার বিক্রির ঘোষণা দেয়ায় জ্বালানি ও বিদ্যুৎ খাতের কোম্পানি খুলনা পাওয়ার কোম্পানি লিমিটেডের (কেপিসিএল) সব উদ্যোক্তা, পরিচালক ও উল্লেখযোগ্যসংখ্যক (১০ শতাংশ বা তার বেশি) শেয়ারধারীদের কাছে থাকা শেয়ার বিক্রি বা হস্তান্তরে নিষেধাজ্ঞা জারি করেছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কেপিসিএলের শেয়ার বিক্রি, হস্তান্তর, স্থানান্তর কিংবা সেগুলো জামানত হিসেবে রাখতে পারবেন না তারা। অবিলম্বে এ-সংক্রান্ত নির্দেশনা জারি হবে। পাশাপাশি ঘটনা তদন্তে চার সদস্যের একটি কমিটি গঠন করেছে বিএসইসি। গতকাল বিএসইসির চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিশন সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভা শেষে কমিশনের নির্বাহী পরিচালক ও মুখপাত্র মো. সাইফুর রহমান স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, কেপিসিএল ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বিপিডিবি) মধ্যে সম্পাদিত ‘আইপিপি কন্ট্রাক্ট অব কেপিসিএল ১১০ মেগাওয়াট বার্জ মাউন্টেড পাওয়ার প্লান্ট’ শীর্ষক চুক্তির মেয়াদ ১১ অক্টোবর শেষ হয়েছে এবং একই দিন জারি করা এক চিঠির মাধ্যমে এ পাওয়ার প্লান্টটি বন্ধ রাখার জন্য অনুরোধ জানায় বিপিডিবি। <http://bonikbarta.net>

লংকাবাংলা ফিন্যান্সের ৩০০ কোটি টাকার বন্ড অনুমোদন

ব্যাংক-বহির্ভূত আর্থিক খাতের তালিকাভুক্ত প্রতিষ্ঠান লংকাবাংলা ফিন্যান্স লিমিটেডকে ৩০০ কোটি টাকার নন-কনভার্টিবল সাব-অর্ডিনেটেড বন্ড ইস্যুর অনুমোদন দিয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। বিএসইসি চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত ৬৬৭তম কমিশন সভা শেষে গতকাল পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা জানায়, ছয় বছর মেয়াদি এ বন্ডটি ইস্যুর কোম্পানির ‘টায়ার-টু’ মূলধনভিত্তি শক্তিশালী করবে। মেয়াদ শেষে পূর্ণ অবসায়নযোগ্য বন্ডটির ইউনিট পুঁজিবাজারে হাতবদল হবে না। <http://bonikbarta.net>

২০১৬ সালের জন্য রফতানিতে সিআইপি নির্বাচিত ১৭৮ জন

সিআইপি (রফতানি) নীতিমালা-২০১৩ অনুযায়ী রফতানি বাণিজ্যে গুরুত্বপূর্ণ অবদান রাখায় ২০১৬ সালের জন্য ১৭৮ জন ব্যক্তিকে বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) নির্বাচিত করেছে সরকার। এর মধ্যে পণ্য রফতানি ক্যাটাগরিতে সিআইপি হয়েছেন ১৩৭ জন। ৪১ জন সিআইপি হয়েছেন ট্রেড ক্যাটাগরিতে। বাণিজ্য মন্ত্রণালয় সম্প্রতি এ-সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। কাঁচাপাট, পাটজাত দ্রব্য, চামড়াজাত দ্রব্য, হিমায়িত খাদ্য, চা, ওভেন গার্মেন্টস, কৃষিজাত দ্রব্য, এগ্রোপ্রসেসিং পণ্য, হালকা প্রকৌশল, ফার্মাসিউটিক্যাল পণ্য, হস্তশিল্পজাত দ্রব্য, স্পেশলাইজড টেক্সটাইল/হোম টেক্সটাইল, নিটওয়্যার, নিটওয়্যার গার্মেন্টস, সিরামিক টেবিলওয়্যার/অন্যান্য সিরামিক পণ্য, প্লাস্টিকজাত পণ্য, টেক্সটাইল, কম্পিউটার সফটওয়্যার/কম্পিউটার সেবা/ডাটা প্রসেসিং ও বিবিধ খাতের শিল্প ও বাণিজ্যিক উদ্যোক্তারা সিআইপি তালিকায় রয়েছেন। <http://bonikbarta.net>

জিএমের বিশাল পুনর্গঠন কর্মসূচিতে অসম্ভব ট্রাম্প

ব্যয়সংকোচন ও পরিবর্তনশীল বাজার পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নিতে বিশাল পুনর্গঠন কর্মসূচি ঘোষণা করেছে জেনারেল মোটরস (জিএম)। এ কর্মসূচির অংশ হিসেবে বিভিন্ন অঞ্চলের সাতটি কারখানা বন্ধ করে দেবে যুক্তরাষ্ট্রভিত্তিক কোম্পানিটি। এছাড়া ৬০০ কোটি ডলার ব্যয় কমাতে ছাঁটাই করা হবে মোট শ্রমশক্তির ১৫ শতাংশ কর্মী। তবে কোম্পানিটির সিদ্ধান্তে চরম অসম্ভব যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, এজন্য কোম্পানিটিকে ব্যাপক চাপে থাকতে হবে। এ ধরনের পরিকল্পনা বাস্তবায়নের পরিবর্তে তিনি কোম্পানিটিকে চীনে ম্যানুফ্যাকচারিং কার্যক্রম বন্ধ করার নির্দেশ দিয়েছেন। খবর এএফপি ও রয়টার্স। <http://bonikbarta.net>

আইএলওর প্রতিবেদন : ২০১৭ সালে বৈশ্বিক মজুরিতে সবচেয়ে মন্দ প্রবৃদ্ধি

দৃঢ় অর্থনৈতিক প্রবৃদ্ধি ও প্রধান প্রধান অর্থনীতিতে বেকারত্বের হার কমে যাওয়া সত্ত্বেও গত বছর বৈশ্বিক মজুরি প্রবৃদ্ধিতে সবচেয়ে মন্দরগতি দেখা গেছে, যা ২০০৮ সালের আর্থিক সংকটের পর সর্বনিম্ন। সোমবার আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এ কথা জানিয়েছে। খবর এএফপি। জাতিসংঘের শ্রমবিষয়ক সংস্থাটির সর্বশেষ প্রতিবেদনে আরো দেখা গেছে, সারা বিশ্বে নারীরা এখনো পুরুষদের তুলনায় কম মজুরি পাচ্ছে। গত বছর নারীরা পুরুষের তুলনায় ২০ শতাংশেরও কম মজুরি পেয়েছে। বিশ্বের ১৩৬টি দেশের উপাত্ত নিয়ে প্রতিবেদনটি তৈরি করেছে আইএলও। সংস্থাটি জানায়, মজুরি প্রবৃদ্ধি ২০১৬ সালের ২ দশমিক ৪ শতাংশ থেকে কমে গত বছর মাত্র ১ দশমিক ৮ শতাংশে দাঁড়িয়েছে। তবে পরিসংখ্যান থেকে চীনকে বাদ দেয়া হলে শ্রমিকদের জন্য একটি অন্ধকার ভবিষ্যতের পূর্বাভাস পাওয়া যাচ্ছে। বিশ্বের দ্বিতীয় শীর্ষ অর্থনীতিটির বিশাল জনসংখ্যা ও ক্রমান্বয়ে মজুরি বৃদ্ধি সমন্বিত উপাত্তের চিত্রটাই বদলে দিচ্ছে। চীনকে বাদ দিলে গত বছর সারা বিশ্বে মজুরি বৃদ্ধির হার দাঁড়ায় মাত্র ১ দশমিক ১ শতাংশ। ২০১৬ সালে এ হার ছিল ১ দশমিক ৮ শতাংশ। <http://bonikbarta.net>

প্রাকৃতিক গ্যাস উত্তোলন খাত : ১৫ হাজার কোটি ডলার বিনিয়োগ করবে সৌদি আরব

অপরিশোধিত জ্বালানি তেল উত্তোলন ও রফতানির জন্য সৌদি আরবের বিশেষ পরিচিতি রয়েছে। উল্লেখযোগ্য পরিমাণ উত্তোলন ও রফতানির কারণে জ্বালানি তেলের বাজারে সৌদি আরব গুরুত্বপূর্ণ প্রভাবক হিসেবে ভূমিকা রাখে। তবে জ্বালানি তেল ছাপিয়ে দেশটিতে প্রাকৃতিক গ্যাসের মজুদও রয়েছে ঈষণীয়। ধীরে ধীরে প্রাকৃতিক গ্যাসের উত্তোলন বাড়ানোর মেগা পরিকল্পনা হাতে নিয়েছে দেশটি। এর অংশ হিসেবে প্রাকৃতিক গ্যাস খাতে ১৫ হাজার কোটি ডলার বিনিয়োগ করতে যাচ্ছে দেশটির রাষ্ট্রায়ত্ত্ব জ্বালানি প্রতিষ্ঠান সৌদি আরামকো। ফলে এক দশকের মধ্যে সৌদি আরবে প্রাকৃতিক গ্যাস উত্তোলন বর্তমানের তুলনায় প্রায় দ্বিগুণ বাড়বে। খবর রয়টার্স, ব্লুমবার্গ ও অয়েলপ্রাইসডটকম। <http://bonikbarta.net>